গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ডিই-১ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।

**Seventy-ninth session of the Economic and Social Commission for Asia and the Pacific (ESCAP) Bangkok and online, 15–19 May 2023**

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে টেকসই উন্নয়নের জন্য জলবায়ু সংক্রান্ত উদ্যোগ (climate action) বাস্তবায়ন ত্বরান্বিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে United Nations Economic and Social Commission for Asia and the Pacific(UNESCAP) পাঁচ দিনব্যাপী ৭৯তম অধিবেশন গত ১৫ মে ২০২৩ তারিখে শুরু হয়েছে।

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তন মোকাবিলা সংক্রান্ত কর্মকাণ্ডকে ত্বরান্বিত করা এবং আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির জন্য এ অঞ্চলের বিভিন্ন দেশের নেতৃবৃন্দ এবং অন্যান্য অংশীজনদের একত্রিত করে আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রগুলি চিহ্নিত করা এবং নীতিনির্ধারণী বিষয়ে আলোচনার জন্য এ সম্মেলনের আয়োজন। এবারের অধিবেশনে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নেট-জিরো অর্জনে উচ্চাভিলাষী জলবায়ু সংক্রান্ত উদ্যোগ (climate actions) বাস্তবায়নকে উৎসাহিত করা এবং বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধিকে ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিনিয়োগ শীর্ষক আলোচনা, এক্ষেত্রে অর্জিত সাফল্য এবং জলবায়ু পরিবর্তন সমাধান মেলা আয়োজনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং প্রভাব প্রশমনে বিশেষ আলোচনার আয়োজন করা হয়েছে।

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের শীর্ষ পর্যায়ের ৭৯তম অধিবেশনের শীর্ষ নেতৃবৃন্দের আলোচনা পর্বে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও বার্তার মাধ্যমে অংশগ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে ভবিষ্যত প্রজন্মের জন্য বিশ্বকে একটি নিরাপদ ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার লক্ষ্যে জলবায়ু পরিবর্তনের বিপজ্জনক হুমকির বিরুদ্ধে লড়াই করার জন্য আঞ্চলিক অংশীদারিত্বের প্রতি গুরুত্ব আরোপ করে ৪-দফা রূপরেখা প্রদান করেন। তিনি বলেন, জাতীয় কর্ম পরিকল্পনা (NAP) বাস্তবায়নের পাশাপাশি জাতীয়ভাবে নির্ধারিত (Nationally Determined Contribution-NDC) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা উন্নয়নশীল দেশসমূহের জন্য পর্যাপ্ত অর্থের প্রয়োজন। এক্ষেত্রে তিনি জলবায়ু সহিষ্ণু উন্নয়নের জন্য বিজ্ঞান ভিত্তিক জ্ঞান বিনিময়, প্রযুক্তি বিনিময়, উদ্ভাবন নির্ভর বাণিজ্য ও বিনিয়োগে আন্তর্জাতিক সহায়তার উপর গুরুত্ব আরোপ করেন। চতুর্থ শিল্প বিপ্লব এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায়, তিনি উন্নয়নশীল দেশসমূহের জন্য বিশেষ বাণিজ্য সুবিধা প্রদান, ডিজিটাল বাণিজ্য এবং তথ্য প্রযুক্তি নির্ভর পরিষেবাগুলির প্রাপ্যতার উপর জোর দেন। মাননীয় প্রধানমন্ত্রী এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে টেকসই উন্নয়ন নিশ্চিতে জলবায়ু সংক্রান্ত উদ্যোগসমূহ (climate actions) বাস্তবায়নের জন্য উপ-আঞ্চলিক সহযোগিতা জোরদার করা, বিশেষ করে চলমান অংশীদারিত্ব ভিত্তিক কর্মকাণ্ড ত্বরান্বিত করা এবং নতুন অংশীদারিত্ব গড়ে তোলার পরামর্শ দেন।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব শরিফা খানের নেতৃত্বে ১১ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল অনলাইনে এবং বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক হতে মান্যবর রাষ্ট্রদূত ও UNESCAP এ বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মোহাম্মদ আবদুল হাই এবং বিকল্প স্থায়ী প্রতিনিধি সৈয়দ রাশেদুল হোসেন সহ দূতাবাসের উপ-স্থায়ী প্রতিনিধিগণ সরাসরি অংশগ্রহণ করছে। অধিবেশনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব এজেন্ডা ২ এর আওতায় থিম টপিকের উপর Country Statment প্রদান করেন। এছাড়া, প্রতিনিধিদলের অন্য সদস্যবৃন্দ Agenda ভিত্তিক বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরছে।

২৮/০৫/২০২৬

মুছাম্মৎ শাহীনা আক্তার
উপসচিব
ফোন: ৪৮১১৩৫৪৪
ইমেইল: de1@erd.gov.bd